

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
জিএফডিপি ওয়েস্ট শাখা
www.rthd.gov.bd

নম্বর: ৩৫.০০.০০০০.০৬২.১৬.০৪৫.২২-২২৫

তারিখ: ১৫ কার্তিক ১৪৩১
৩১ অক্টোবর ২০২৪


পরিপত্র

বিষয়: সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতায় ক্রয় কার্য সম্পাদনে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণে কতিপয় নির্দেশনা প্রদান।

ক্রয় কাজে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের লক্ষ্যে সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতাধীন শতভাগ দেশীয় অর্থে বাস্তবায়িতব্য প্রকল্প এবং পরিচালন বাজেটের আওতায় বাস্তবায়িতব্য পিএমপি (মেজর) সংশ্লিষ্ট ক্রয় কাজে নিম্নরূপ নির্দেশনা অনুসরণ করতে হবে:

- (ক) ক্রয়কারী (Procuring Entity) হিসেবে সংশ্লিষ্ট জেলার নির্বাহী প্রকৌশলী দায়িত্ব পালন করবেন;
- (খ) কোনো প্যাকেজ দু'টি জেলার মধ্যে বিস্তৃত হলে সংশ্লিষ্ট সড়ক সার্কেলের তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ক্রয়কারী (Procuring Entity) হিসেবে দায়িত্ব পালন করবেন;
- (গ) প্রতিটি ক্রয় কার্যক্রমের দাপ্তরিক প্রাক্কলন (Official Cost Estimate), Tender Data Sheet (TDS) এবং Particular Conditions of Contract (PCC) এ সন্নিবেশিত শর্তসমূহ সংশ্লিষ্ট সড়ক জোনের অতিরিক্ত প্রধান প্রকৌশলী কর্তৃক অনুমোদিত হতে হবে;
- (ঘ) ঠিকাদারকে বিল প্রদানের পূর্বে বিল সংশ্লিষ্ট কাজের Test Report-সহ সংশ্লিষ্ট কাজের পরিমাপ ও পরিমাণ সংশ্লিষ্ট সংশ্লিষ্ট সড়ক জোনের অতিরিক্ত প্রধান প্রকৌশলীকে অবহিত করতে হবে;
- (ঙ) সংশ্লিষ্ট সড়ক জোনের অতিরিক্ত প্রধান প্রকৌশলী এবং তত্ত্বাবধায়ক প্রকৌশলীগণ ক্রয়কাজ এবং আউটপুট মূল্যায়ন, সুপারভিশন এবং মনিটরিংয়ের দায়িত্ব পালন করবেন;
- (চ) সংশ্লিষ্ট অতিরিক্ত প্রধান প্রকৌশলীগণ প্রকল্প ও পিএমপি (মেজর) সুষ্ঠুভাবে বাস্তবায়নের স্বার্থে বিভাগীয় পর্যায়ে সরকারের অন্যান্য দপ্তরের সাথে সমন্বয়ের দায়িত্ব পালন করবেন;
- (ছ) পাবলিক প্রক্রিউরমেন্ট আইন ২০০৬ এবং পাবলিক প্রক্রিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর সংশ্লিষ্ট বিধান অনুযায়ী আর্থিক ক্ষমতা অর্পণ আদেশে বর্ণিত অনুমোদনকারী কর্তৃপক্ষ দরপত্র বা ক্রয় প্রস্তাব অনুমোদন করবে।

২. জনস্বার্থে এ পরিপত্র জারি করা হলো। উক্ত নির্দেশনাসমূহ সকলকে যথাযথভাবে প্রতিপালনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।


নীলিমা আফরোজ
উপসচিব
ফোন: ৯৫১৪০৭৫
gfdpwest@rthd.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১. প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
০২. অতিরিক্ত সচিব(উন্নয়ন)/ অতিরিক্ত সচিব (পরিকল্পনা), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
০৩. অতিরিক্ত প্রধান প্রধান প্রকৌশলী, পরিকল্পনা ও রক্ষণাবেক্ষণ, সওজ, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
০৪. অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক জোন
০৫. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক সার্কেল
০৬. মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
০৭. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
০৮. সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
০৯. নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক বিভাগ

সিনিয়র সিস্টেম এনালিস্ট	
<input checked="" type="checkbox"/>	সিস্টেম এনালিস্ট/ সিনিয়র প্রোগ্রামার
<input checked="" type="checkbox"/>	প্রোগ্রামার
<input checked="" type="checkbox"/>	মোবাইলটেন্যান্স ইঞ্জিনিয়ার
<input checked="" type="checkbox"/>	সংসং: ই-১/ সংসং: ই-২
<input checked="" type="checkbox"/>	নথি
	ডায়েরি নং: ২০৪৬
	তারিখ: ৩/১১/২৪